ইনকিলাব

14 SEP 2008

### কয়েক দফা দাবী

# শিক্ষক-কর্মচারী ফ্রন্টের শিক্ষা দিবস কর্মসূচী ঘোষণা

স্টাফ রিপোর্টার ঃ স্বল্পতম সময়ের মধ্যে শতভাগ সাক্ষরতা অর্জন, শিক্ষার মান বৃদ্ধি ও শিক্ষকদের মর্যাদায় উন্নয়ন নিশ্চিতকরণ এবং শিক্ষক-শিক্ষাকর্মীদের পরিবার-পরিজন নিয়ে পবিত্র ঈদ ও পূজা উৎসব সুষ্ঠুভাবে পালনের লক্ষ্যে পূর্ণ উৎসব ভাতা দাবীতে জাতীয় শিক্ষক-কর্মচারী ফ্রন্টের আহ্বানে ১৭ সেপ্টেম্বর শিক্ষা দিবসে জেলা সদরে বেসরকারী স্কুল-কলেজ ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও শিক্ষা-কর্মীগণ মানববন্ধন করে জেলা প্রশাসকের মাধ্যমে প্রধান উপদেষ্টা বরাবর স্মারকলিপি দেবেন। গতকাল শনিবার জাতীয় শিক্ষক-কর্মচারী ফ্রন্টের জাতীয় কমিটির সিদ্ধান্তক্রমে এ কর্মসূচী ঘোষণা করা হয়েছে। ফ্রন্ট কার্যালয়ে অনুষ্ঠিত সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। এতে বক্তব্য রাখেন বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি মোহাম্মদ আজিজুল ইসলাম, বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক আসাদুল হক, বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যক্ষ মোঃ আবদুর রশীদ, বাংলাদেশ কারিগরি কলেজ শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যক্ষ মোহাম্মদ আলী চৌধুরী, বাংলাদেশ শিক্ষক সমিতির ভারপ্রাপ্ত সভাপতি বিলকিস জামান, বাংলাদেশ সংযুক্ত শিক্ষক পরিষদের সভাপতি মাহবুব উল আলম তালুকদার, বাংলাদেশ শিক্ষক সমিতির অতিরিক্ত মহাসচিব খান মোশাররফ হোসেন, বাংলাদেশ শিক্ষা প্রতিষ্ঠান কর্মচারী ফেডারেশনের মহাসচিব এম আবদুল প্রমুখ। সভায় সভাপতিত্ব করেন জাতীয় শিক্ষক-কর্মচারী ফ্রন্টের প্রধান সমন্বয়কারী অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ।